গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mefwd.gov.bd

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতির উত্তম চর্চা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : আবু নূর মোঃ শামসুজ্জামান
যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা

সভার তারিখ ও সময় : ০২.০৩.২০২১, সকাল ১১.০০টা

সভার স্থান : যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতির উত্তম চর্চা সংক্রান্ত পর্যালোচনার প্রেক্ষিতে তিনি বলেন যে, প্রতিটি অফিসের কর্ম পরিবেশ সুন্দর হওয়া জরুরি। এতে কাজের গতি বৃদ্ধি পায়। বিভিন্ন মন্ত্রণালয় এ বিষয়ে অনেক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহন করেছে বলে তিনি সভায় উল্লেখ করেন। এ সম্পর্কে তিনি এ বিভাগের বিভিন্ন পদক্ষেপ গ্রহনের কথাও বলেন। প্রসঙ্গত, সম্প্রতি এ বিভাগের জনবল নিয়োগের মাধ্যমে শূন্যপদ পূরণের কার্যক্রম বাস্তবায়ন হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। এতে এই বিভাগের কাজের গতি আরও বৃদ্ধি পাবে বলে সভাপতি অভিমত প্রকাশ করেন। এরপর জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতির উত্তম চর্চার তালিকা প্রস্তুতকরনের বিষয়ে উপস্থিত সকলে মতামত প্রকাশ করেন।

সভায় আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	উত্তম চর্চা সংক্রান্ত	পুরাতন ও ব্যবহার অনুপযোগী আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জামাদি অপসারনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।	কর্ম পরিবেশ উন্নয়ন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ সচিব প্রশাসন-২
২.		এ বিভাগের করিডর সুসজ্জিত করনের বিষয়ে সভায় সদস্যগণ মতামত প্রকাশ করেন।	করিডর সুসজ্জতিকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়	উপ সচিব প্রশাসন-২
৩.		কাজের গতি আনয়নের লক্ষ্যে শাখা পরিদর্শনের বিষয়টি আলোচনা করা হয়।	শাখা পরিদর্শনের বিষয়টি জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়	সকল শাখা/অধিশাখার কর্মকর্তাগণ
৪.		এ বিভাগের জন্য সম্প্রতি বরাদ্দকৃত কক্ষসমূহ ব্যবহার উপযোগী এবং আধুনিকীকরনের আলোচনা করা হয়।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক এ বিভাগের জন্য সম্প্রতি বরাদ্দকৃত কক্ষসমূহ ব্যবহার উপযোগী এবং আধুনিকীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ সচিব প্রশাসন-২
৫.		ক্লিনিক ভবনে বর্তমানে নামাযের জন্য পৃথক অযুর ব্যবস্থা ও মহিলা টয়লেট না থাকায় তা স্থাপনের উদ্যোগ গ্রহনের জন্য সভায় আলোচনা করা হয়।	নামাযের জন্য পৃথক অযুর ব্যবস্থা ও মহিলা টয়লেট স্থাপনের উদ্যোগ গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ সচিব প্রশাসন-২
৬.		এ বিভাগে ডিজিটাল হাজিরা মেশিন (ফেইস ডিটেক্টরসহ) স্থাপন করা হয়েছে ডিজিটাল হাজিরা কার্যক্রম সম্পর্কে সভায় আলোকপাত করা হয়।	ডিজিটাল হাজিরার মূল্যায়ন এর ভিত্তিতে কর্মচারিগণ কে পুরষ্কৃত ও তিরষ্কৃত করা হবে।	উপ সচিব প্রশাসন-২
৭.		এ বিভাগের ক্রয় কার্যক্রম ইজিপির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	২০২০-২১ অর্থবছরে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর ক্রয় কার্যক্রমের মধ্যে ১টি ইজিপির মাধ্যমে সম্পন্ন করা হবে।	উপ সচিব প্রশাসন-২
৮.		পরিবার পরিকল্পনা, জরুরি প্রসূতিসেবা, নবজাতক ও শিশু সেবা, কৈশোর ও প্রজনন স্বাস্থ্যসেবা প্রদানের জন্য কল সেন্টারের মাধ্যমে সেবা প্রদানের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	কল সেন্টারের মাধ্যমে 'সুখি পরিবার' শীর্ষক সেবা প্রদান কার্যক্রম জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৯.		ভয়েস-কল'-এর মাধ্যমে গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা প্রদানের বিষয়ে সভার সদস্যগণ মতামত প্রকাশ করেন।	ভয়েস-কল'-এর মাধ্যমে দ্রুততার সাথে স্বাস্থ্যসেবা প্রদান করতে হবে।	মহাপরিচালক, পরিবার পরিকল্পনা

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
				অধিদপ্তর
১০.		গর্ভবতী মা, সক্ষম দম্পতি, শিশু ও নবজাতকদের সেবাবার্তা প্রদানে ই-লার্নিং কোর্স সংক্রান্ত বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	সমন্বিত ই-টুলকিট এর মাধ্যমে ই-লার্নিং কোর্স সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
১১.		পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদের চাকরি ও ব্যক্তিগত তথ্যের ডাটাবেজ (Human Resource Information System (HRIS) সংক্রান্ত বিষয়ে সভায় সদস্যগণ আলোচনা করেন।	HRIS ডাটাবেজটি নিয়মিত হালনাগাদ করতে হবে।	মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
১২.		জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এ ওয়েব-বেজ্ড Asset Management System এর কার্যক্রম সম্পর্কে সভায় আলোকপাত করা হয়।	ওয়েব-বেজ্ড Asset Management System টি হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩.		নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে Personnel Management Information System (PMIS) চালু করা হয়েছে এবং এর কার্যক্রম অব্যাহত রয়েছে।	Personnel Management Information System (PMIS)- এর কার্যক্রম ভবিষ্যতে আরও জোরদারকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
১৪.		মেডিকেল, ডেন্টাল ও নার্সিং কলেজসহ সকল সরকারি ও বেসরকারি স্বাস্থ্য নার্সিং ও মিডওয়াইফারি প্রতিষ্ঠানের ভর্তি পরীক্ষা অনলাইন ব্যবস্থাপনায় কেন্দ্রীয়ভাবে সম্পাদন এর উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	মেডিকেল, ডেন্টাল ও নার্সিং কলেজসহ সকল সরকারি ও বেসরকারি স্বাস্থ্য নার্সিং ও মিডওয়াইফারি প্রতিষ্ঠানের ভর্তি পরীক্ষা অনলাইন ব্যবস্থাপনায় কেন্দ্রীয়ভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে।	উপ সচিব চিশি-১
১৫.		হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক কোর্সের ভর্তি পরীক্ষা সমন্বিতভাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।	হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক কোর্সের ভর্তি পরীক্ষা ২০২০-২১ শিক্ষাবর্ষে সমন্বিতভাবে সম্পন্ন হবে।	উপ সচিব চিশি-১
১৬.		সারাদেশ থেকে তথ্য সংগ্রহ, সংকলন এবং রিপোর্ট জেনারেশনের সামগ্রিক প্রক্রিয়াকে ডিজিটাল করার মানসে উন্নয়ন সহযোগিদের সহযোগিতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক ই-রেজিস্টার (EMIS) প্রণয়নের কাজ এবং অনলাইন ভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখতে সভায় আলোকপাত করা হয়।	ই-রেজিস্টার (EMIS) প্রণয়নের কাজ এবং অনলাইন ভিত্তিক কার্যক্রম জোরদারকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২।৩।২১

(আবু নূর মোঃ শামসুজ্জামান)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
ফোকাল পয়েন্ট
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০২.০০৯.২০- ৭২

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৭ বাং
০৮ মার্চ ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১. উপসচিব (নার্সিং) অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০২. উপসচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০৩. উপসচিব (শৃঙ্খলা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০৪. উপসচিব (পার-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০৫. উপসচিব (চিশি-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০৬. উপসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০৭. সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৩), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০৮. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা

08/03/2021
(কাজী লুতফুল হাসান)
সিনিয়র সহকারী সচিব
মোবাঃ ০১৭৫৫-৫৯৯৮৮৮
healthad3@gmail.com

C:\Users\USER\Downloads\Meeting Minutes 02.03.2021.rtf